


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ  
জনসংখ্যা-২ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.mefwd.gov.bd](http://www.mefwd.gov.bd)

বিষয়: জয়পুরহাট জেলার সদর উপজেলাধীন ভাদসা ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র পরিদর্শন প্রতিবেদন

গত ১৮.০২.২০২৪ খ্রি: তারিখ সকাল ১১.০০ ঘটিকায় ভাদসা ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, সদর, জয়পুরহাট পরিদর্শন করি। পরিদর্শনকালে জয়পুরহাট জেলার উপপরিচালক (পরিবার পরিকল্পনা), সহকারী পরিচালক (পরিবার পরিকল্পনা), ডিস্ট্রিক্ট কনসালটেন্ট, সদর উপজেলার মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) এবং পরিবার পরিকল্পনা কর্মকর্তা উপস্থিত ছিলেন। পরিদর্শনে প্রাপ্ত তথ্যাদি নিম্নরূপ:

- ০১। পরিদর্শনকৃত প্রতিষ্ঠানের নাম : ভাদসা ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, সদর, জয়পুরহাট
- ০২। পরিদর্শনের তারিখ ও সময় : ১৮/০২/২০২৪ খ্রি., সকাল-১১.০০ ঘটিকা
- ০৩। পূর্ববর্তী সর্বশেষ পরিদর্শন প্রতিবেদন আলোকে গৃহীত কার্যক্রম : প্রযোজ্য নয়
- ০৪। প্রতিষ্ঠানে কর্মরত জনবলের সার্বিক অবস্থা : নিরাপত্তা প্রহরী পদ শূন্য
- ০৫। পরিদর্শনের দিন কর্মচারীদের উপস্থিতি/অনুপস্থিতি : সকলেই উপস্থিত ছিল
- ০৬। পরিদর্শনকালে কোন stakeholder যদি মতামত/পরামর্শ প্রদান করে থাকে তার সংক্ষিপ্ত বিবরণ : প্রযোজ্য নয়
- ০৭। আর্থিক অনিয়ম পরিলক্ষিত হলে তার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে) : প্রযোজ্য নয়
- ০৮। প্রতিষ্ঠানের সার্বিক পরিবেশ ও পরিচ্ছন্নতা : সন্তোষজনক
- ০৯। প্রতিষ্ঠানের ভৌত অবকাঠামোর বাস্তব অবস্থা : ভাল
- ১০। প্রতিষ্ঠানে ব্যবহৃত আসবাবপত্রের বাস্তব অবস্থা : সন্তোষজনক
- ১১। কোন সমস্যা/চাহিদা :
- ১২। সার্বিক অবস্থার উপর সুনির্দিষ্ট মন্তব্য/সুপারিশ : এই প্রতিষ্ঠানটি একটি মডেল ক্লিনিক। এখানে ৭/২৪ ডেলিভারী সেবা চালু রয়েছে। কেন্দ্রটির সার্বিক পরিবেশ প্রশংসনীয়। ভবনটি তিন বছর পূর্বে Handover হলেও এখনো নতুন ভবনের মতো পরিচ্ছন্ন রয়েছে। এখানে পরিদর্শন দিবসে একটি স্থায়ী ও দীর্ঘমেয়াদী ক্যাম্প চলমান ছিল। ক্যাম্পে ২৩টি ইমপ্ল্যান্ট এবং ০১ টি আইউডি সেবা প্রদান করা হয়। আগত কয়েকজন গর্ভবতী মায়াদের সাথে আলোচনান্তে তাদেরও সন্তুষ্টির কথা জানা যায়। এই কেন্দ্রে কর্মরত SACMO ও FWV কেন্দ্রের আবাসিক ভবনে বসবাসপূর্বক সেবা প্রদান করেন। একই সাথে তারা গর্ভবতীর মায়াদের ইডিডি তারিখ অনুযায়ী বিধি মোতাবেক ফোনে কল করে খৌজ নেন এবং প্রাতিষ্ঠানিক ডেলিভারী গ্রহণে উদ্বুদ্ধ করেন বলে প্রতীয়মান হয়েছে। কেন্দ্রে কর্মরত সংশ্লিষ্ট সকলকে কাজের অগ্রগতি ও সেবার মান অক্ষুন্ন রাখার জন্য পরামর্শ প্রদান করা হয়।

  
১৮-০২-২০২৪  
(এ, বি, এম, নুরুল আলম)  
সহকারী সচিব

ফোন: ৫৫১০১১৬০

Email: [population2@mefwd.gov.bd](mailto:population2@mefwd.gov.bd)